দৈনিক ইত্তেফাক

183

তারিখ ... ... NOV. 03.1999
পৃঃ ১০ কলাম ৪

# ২৭ বছরেও কাউখালী কলেজ সরকারীকরণ করা হয় নাই

কাউখালী (পিরোজপুর) সংবাদদাতা ॥ ১৯৭২ সনে প্রতিষ্ঠিত পিরোজপুর জেলার গুরুত্বপূর্ণ নৌ-বন্দর কাউখালী থানা সদরের ডিগ্রী কলেজটি সরকারীকরণের দাবী দীর্ঘ দিনেও বাস্তবায়িত হয় নাই। প্রায় দুই হাজার ছাত্র-ছাত্রী এই কলেজে অধ্যয়ন করিতেছে। কাউখালী সদরের পার্শ্ববর্তী সন্ধ্যা নদীর সামনে সুন্দর মনোরম পরিবেশে ডিগ্রী কলেজটি সরকারীকরণের প্রতিশ্রুতি বিগত তিনটি সরকারই দিয়াছে। কিন্তু আজ পর্যন্ত তাহা কার্যকরী হয় নাই। অথচ পিরোজপুর জেলায় আশির দশকে প্রতিষ্ঠিত ৩টি থানায় ৩টি কলেজই সরকারীকরণ হইয়াছে।

মনোরম পরিবেশের থানা সদর তথা কাউখালীর একমাত্র ডিগ্রী কলেজটি সরকারী হওয়ার মতন যাহা কিছু দরকার তাহার সবকিছু আছে। বর্তমানে কলেজটির আয় অত্যন্ত কম। ফলে শিক্ষকগণ ২/৩ মাস যাবৎ বেতন পান না। পরীক্ষার পূর্বে অবশ্য বকেয়া বেতন সংগৃহীত হইলে শিক্ষকদের বেতন শোধ করা হয়। কলেজের ছাত্র-ছাত্রীদের পাসের হার খুবই সন্তোষজনক। দেড় লক্ষাধিক জনগণ অধ্যুষিত প্রথম শ্রেণীর থানা সদরের ডিগ্রী কলেজটি শিক্ষার ক্ষেত্রে অনেক গুরুত্বপূর্ণ অবদান রাখিয়া চলিয়াছে। এই সকল দিক বিবেচনা করিয়া কলেজটিকে সরকারীকরণের প্রক্রিয়া বার বার করা হইলেও অজ্ঞাত কারণে তাহা ধামাচাপা পড়ে।